গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

মহান বিজয় দিবস কুচকাওয়াজ-২০২১ উদযাপন উপলক্ষে সম্মিলিত কুচকাওয়াজ অনুষ্ঠানে সুরক্ষা সেবা বিভাগের যান্ত্রিক বহর সজ্জিতকরণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | ১৬.১১.২০২১ |
| সভার সময় | বেলা ০৩.৩০ ঘটিকা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর সূচনা বক্তব্যে বলেন, মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিন। এ দিবসের অন্যতম কর্মসূচি হিসেবে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে অন্যান্য বছরের ন্যায় এ বছরও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে একটি যান্ত্রিক বহর (ট্রাকলরি) আকর্ষণীয়ভাবে সজ্জিতকরণের মাধ্যমে অংশগ্রহণের উপর সবিশেষ গুরুত্বারোপ করেন। সে প্রেক্ষাপটে এ বিভাগের যান্ত্রিক বহরটি সকল সংস্থার সহযোগিতায় আকর্ষণীয়ভাবে প্রদর্শনের উপর তিনি সকলের মতামত আহ্বান করেন। সভাপতির অনুরোধক্রমে উপসচিব (প্রশাসন-৩) কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

২। **অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

- মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১৭.০৮.২০২১ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে সকল মন্ত্রণালয়ের যান্ত্রিক বহর প্রদর্শনীর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সুসজ্জিত গাড়ি সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।
- জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানের যান্ত্রিক বহরে অংশ গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রম প্রদর্শনপূর্বক গাড়ি সজ্জিতকরণের সমন্বয়ের দায়িত্ব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর পালন করবে। এ মন্ত্রণালয়ের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তর এতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।
- এ বিভাগের নিজস্ব ব্যবস্থাপনায় গাড়ি বহরের ফিটনেস রক্ষণাবেক্ষণ ও রংয়ের ব্যবস্থা ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- যান্ত্রিক বহরে অংশগ্রহণকারী যানবাহনসমূহ, মূল চালক এবং সংরক্ষিত চালকদের আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখে ৯ পদাতিক ডিভিশনের ইএমই শাখা কর্তৃক নির্ধারিত সময়ে জাতীয় প্যারেড স্কয়ারে উপস্থিত থাকতে হবে।
- এ বিভাগের যান্ত্রিক বহর সমূহ আগামী ০৭.১২.২০২১ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে এবং ১১ ডিসেম্বর ২০২১ হতে অনুশীলনে অংশগ্রহণ করবেন।
- সুসজ্জিত যানবাহনগুলো চূড়ান্ত কুচকাওয়াজের জন্য অবশ্যই আগামী ১০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করবেন।

- যান্ত্রিকবহরে সুরক্ষা সেবা বিভাগ-এর ট্রাকটি সুসজ্জিত করার জন্য এ বিভাগের অধীন প্রত্যেক অধিদপ্তরের প্রতিনিধিগণ কর্তৃক একজন করে ইভেন ম্যানেজমেন্ট এর প্রতিনিধি পরবর্তী সভায় উপস্থিত করবেন
- উপসচিব (প্রশাসন-২) কর্তৃক উপসচিব(বাজেট) এর সাথে যোগাযোগপূর্বক যান্ত্রিকবহর সজ্জিতকরণের প্রয়োজনীয় অর্থের সংস্থান করবেন।
- গাড়ি সজ্জিতকরণে ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ সমন্বয়ক ও তদারকির দায়িত্ব পালন করবেন। জনাব আরিফ আহমেদ, যুগ্মসচিব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সার্বিক যোগাযোগসহ এ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন/সমন্বয় করবেন। জনাব মোঃ আবুল কালাম তালুকদার, উপসচিব (প্রশাসন-২) প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
- যান্ত্রিক বহরে অংশ গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গাড়ি সজ্জিতকরণের নিমিত্ত প্রতিটি দপ্তর হতে ৫ ফুট ৮ ইঞ্চি উচ্চতাবিশিষ্ট সুদর্শন, স্মার্ট ও ৪ জন করে প্রতিনিধি মনোনয়নপূর্বক ২ কপি স্ট্যাম্পসাইজ ছবিসহ জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি এবং নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নাম্বার এ বিভাগে প্রেরণ করবেন।
- সুরক্ষা সেবা বিভাগের একটি লরি ৪০´× ১০´ যান্ত্রিকবহরে অংশগ্রহণের জন্য সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জিওসি-৯ পদাতিক ডিভিশন এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করবেন।
- অধিদপ্তর কর্তৃক নির্বাচিত সদস্যদের চূড়ান্ত মহড়া এবং যান্ত্রিকবহরে সক্রিয়ভাবে অংশগ্রহণের নিমিত্ত নিরাপত্তা পাশ ইস্যুকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।–
- মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে যান্ত্রিক বহর সজ্জিতকরণসহ সকল খরচ সুরক্ষা সেবা বিভাগসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তর সমহারে নির্বাহ করবেন। এ বিষয়ে গত বারের মতো একটি পত্র অধীন দপ্তরসমূহে প্রেরণ করবেন।
- সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও এতদ্বিষয়ে আরো কোন প্রস্তাবনা থাকলে আগামী ২১.১১.২০২১ তারিখ বিকাল ০৩.০০ টায় অনুষ্ঠেয় সভায় উপস্থাপনের অনুরোধ করা হয়।

৩। পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০১.১৭.২৯৬

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৫) যুগ্মসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
৬) অতিরিক্ত কারা মহাপরিদর্শক (রুটিন দায়িত্ব), অতিরিক্ত কারা মহাপরিদর্শকের দপ্তর, কারা অধিদপ্তর
৭) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

৮) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
৯) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির
উপসচিব